



বাংলাদেশ হাই কমিশন, নাইরোবি, কেনিয়া  
High Commission of the People's Republic of  
Bangladesh  
337 Runda Road, Nairobi, Kenya



নংঃ বিএইচএন/ দিবস/ ২০২০

০৮ ফাল্গুন ১৪২৭

২১ ফেব্রুয়ারী ২০২১

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ কেনিয়ায় যথাযথ মর্যাদায় মহান ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত।

নাইরোবি, ২১ ফেব্রুয়ারি ২০২১: কেনিয়ার রাজধানী নাইরোবিতে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে বিস্তারিত কর্মসূচীর মাধ্যমে আজ ২১ ফেব্রুয়ারি ২০২১ মহান ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করেছে দেশটির বাংলাদেশে হাই কমিশন। দিনের শুরুতে হাই কমিশনার মেজর জেনারেল মোঃ জাহাঙ্গীর কবির তালুকদার মিশন চত্বরে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনমিত করেন। মিশনের সব কর্মকর্তা-কর্মচারীর পাশাপাশি উল্লেখযোগ্য সংখ্যক প্রবাসী বাংলাদেশি এবং স্থানীয় অতিথিবৃন্দ এসময়ে উপস্থিত ছিলেন। এরপর, কেন্দ্রীয় শহীদ মিনারের আদলে মিশনে অস্থায়ীভাবে নির্মিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। বাংলাদেশি শিশু-কিশোরদের অংশগ্রহণে ভাষা শহিদ দিবসের ওপর চিত্রাঙ্কন ও তা প্রদর্শণীর আয়োজন করা হয়। আলোচনা অনুষ্ঠান ও পুরস্কার বিতরণীর মাধ্যমে দিনের কার্যক্রম শেষ হয়।

ভাষা শহীদের স্মৃতিতে দাঁড়িয়ে সম্মান জানানোর মাধ্যমে আলোচনা অনুষ্ঠান শুরু হয়। এরপর, মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী'র বাণী পাঠ করা হয়। আলোচনায় প্রবাসী বাংলাদেশি নাগরিকদের পাশাপাশি কেনিয়ার স্বনামধন্য কেনিয়াট্রা বিশ্ববিদ্যালয়ের সাহিত্য ও বিদেশি ভাষা বিভাগের শিক্ষক ডঃ মাইকেল নজুংগা, ডঃ কেনিথ নুগুরি এবং আন্তর্জাতিক মাতৃভাষা বিষয়ক গবেষক টিমোথি কামাউ অংশ নেন। বক্তারা ৫২'র ভাষা শহিদদের অমর অবদান গভীর শ্রদ্ধায় স্মরণ করে বলেন বাংলাদেশের ভাষা আন্দোলন দেশে-দেশে মাতৃভাষা'র মর্যাদা রক্ষায় অনুপ্রেরণা দিয়েছে।

হাই কমিশনার তাঁর বক্তব্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করে সবাইকে মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর শুভেচ্ছা জানান। ভাষা আন্দোলনে জাতির পিতার অনন্য অবদান আর শহিদ ভাষা সৈনিকদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধায় স্মরণ করে তিনি বাংলাসহ অন্যান্য মাতৃভাষার মর্যাদা রক্ষায় নিজ নিজ অবস্থান থেকে সবাইকে সচেষ্ট থাকতে বলেন। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ২১ ফেব্রুয়ারি'র স্বীকৃতি অর্জনে অসামান্য অবদানের জন্যে তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা জানান। বাংলাদেশ ও কেনিয়ার অধিকতর সাংস্কৃতিক সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করে আগামীতে কেনিয়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের যৌথ অংশগ্রহণে আন্তর্জাতিকে মাতৃভাষা দিবস উদযাপন করা হবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

এদিকে, গত ১৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাংলাদেশ হাই কমিশন ও কেনিয়াট্রা বিশ্ববিদ্যালয়ের যৌথ আয়োজনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে এক সেমিনারের আয়োজন করা হয়। কেনিয়াট্রা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেনিয়ার সংস্কৃতি বিষয়ক মন্ত্রী ডঃ আমেনা মোহামেদ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ পল ওয়াইনাইনা, বিশ্ববিদ্যালয় প্রশাসনের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ, বিভিন্ন অনুষদের ডিন এবং বিপুল সংখ্যক শিক্ষক-শিক্ষার্থী এ সেমিনারে অংশ নেন। সেমিনারে ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন হাই কমিশনার মেজর জেনারেল মোঃ জাহাঙ্গীর কবির তালুকদার। অন্যান্যের মধ্যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ডঃ মোহাম্মদ সামাদ এবং মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ নুরুন নবী অনলাইনে আলোচনায় অংশ নেন। এছাড়াও, আগামী ২২ ফেব্রুয়ারি ২০২১ নাইরোবি বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের ওপর এক ওয়েবিনারের আয়োজন করবে যখানে হাই কমিশনার আলোচনায় অংশ নেবেন।

স্বাঃ

(সায়ম আহমেদ)

কাউন্সেলর ও দুতালয় প্রধান

T.+254(0)758705137, Web: <http://bdhcnairobi.com>, Email: [nairobi.mission@mofa.gov.bd](mailto:nairobi.mission@mofa.gov.bd)

“মুজিববর্ষের কূটনীতি || প্রগতি ও সম্প্রীতি”